

## 💵 হজ উমরা ও যিয়ারত

বিভাগ/অধ্যায়ঃ হজের সফর রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

## সফরের দো'আ

আবদুল্লাহ ইবন উমর রা. থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন সফরের উদ্দেশ্যে উটের পিঠে আরোহণ করতেন, তখন বলতেন,

«اللهُ أَكْبَرُ، اللهُ أَكْبَرُ، اللهُ أَكْبَرُ، سُبُحانَ الذيْ سَخَّرَ لَنَا هَذَا وَمَا كُنَّا لَهُ مُقْرِنِينْ، وإِنَّا إِلَى ربِّنَا لَمُنْقَلِبُون، الَّلهُمَّ إِنَّا نَسْأَلُكَ فِيْ سَفَرِنا هَذَا البِرَّ والتَّقُوى، ومِنَ الْعَمَلِ ما تَرْضَى، الَّلهُمَّ هوِّن عَلَيْنا سَفَرَنا هَذَا واطْوِعنَّا بُعدَه، اللَّهُمَّ أِنْتَ الصَّاحِبُ في السَّفَرِ، وَالْخَلِيْفَةُ فِي الأَهْلِ، اللَّهُمَّ إِنِّيْ أَعُوْذُ بِكَ مِنْ وَعْثَاءِ السَّفَرِ وَكَآبَةِ الْمَنْظَر، وَسُوءِ المُنْقَلَبِ فِيْ الْمَالِ والأَهْل».

(আল্লান্থ আকবার, আল্লান্থ আকবার, আল্লান্থ আকবার। সুবহানাল্লায়ী ছাখ্খারা লানা হাযা ওয়ামা কুন্না লাহূ মুকরিনীন; ওয়া ইন্না রবিবনা লামুনকালিবুন। আল্লান্থ্মা ইন্না নাসআলুকা ফি সাফারিনা হাযাল-বির্রা ওয়াততাকওয়া, ওয়া মিনাল আমালি মা-তারদা। আললান্থ্মা হাওয়িন 'আলাইনা সাফারানা হাযা ওয়াতবি 'আন্না বু'দান্থ। আল্লান্থ্মা আনতাস সাহেবু ফিস-সাফারি, ওয়াল খালীফাতু ফিল আহলি। আল্লান্থ্মা ইন্নী আউযুবিকা মিন ওয়া'ছাইস সাফারি ওয়া কাআবাতিল মান্যারি ওয়া সুইল মুনকালাবি ফিল মালি ওয়াল আহলি।)

'আল্লাহ মহান। আল্লাহ মহান। আল্লাহ মহান। পবিত্র সেই মহান সন্তা যিনি আমাদের জন্য একে বশীভূত করেছেন, যদিও আমরা একে বশীভূত করতে সক্ষম ছিলাম না। আর আমরা অবশ্যই ফিরে যাব আমাদের রবের নিকট। হে আল্লাহ, আমাদের এ সফরে আমরা আপনার নিকট প্রার্থনা জানাই সৎকাজ ও তাকওয়ার এবং এমন আমলের যাতে আপনি সন্তুষ্ট হন। হে আল্লাহ, আমাদের জন্য এ সফর সহজ করুন এবং এর দূরত্ব কমিয়ে দিন। হে আল্লাহ, এ সফরে আপনিই আমাদের সাথী এবং পরিবার-পরিজনের আপনিই তত্ত্বাবধানকারী। হে আল্লাহ, আমরা আপনার আশ্রয় প্রার্থনা করছি সফরের কন্ট ও অবাঞ্ছিত দৃশ্য থেকে এবং সম্পদ ও পরিজনের মধ্যে মন্দ প্রত্যাবর্তন থেকে।'

আর সফর থেকে ফিরেও রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উপরোক্ত দো'আগুলো পড়তেন এবং সাথে এ অংশটি যোগ করতেন-

«آئِبُوْنَ، تَائِبُوْنَ، عَابِدُوْنَ، لِرَبِنَا حَامِدُوْنَ».

(আয়েবূনা, তায়েবূনা, আবেদূনা, লি রাবিবনা হামিদূন।)

'আমরা আমাদের রবের উদ্দেশ্যে প্রত্যাবর্তনকারী, তওবাকারী, ইবাদতকারী ও আমাদের রবের প্রশংসাকারী।'[1]

## ফুটনোট



[1]. মুসলিম : **১৩**৪২।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=7323

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন